# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

## **অধ্যায় ঃ** সমবায় সমিতি

### **মডেল প্রশ্ন-০১**

করোনা মহামারীর প্রাদুর্ভাবে সারাদেশের অর্থনৈতিক মন্দার প্রভাব থেকে নিজেদের বাঁচিয়ে রাখার জন্য পটিয়ার ৫০ জন সবজি চাষী তাদের উৎপাদন ও বন্টন নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে একটি সমবায় সমিতি গঠন করতে চায়। এই লক্ষ্যে এলাকার উপজেলা সমবায় কর্মকর্তার সাথে তাদের প্রতিনিধি দেখা করেন। তিনি প্রতিনিধিকে একটি অর্ভ্যন্তরীণ পরিচালনা বিধি প্রণয়ন সহ সমবায় সমিতি গঠনের নিয়মাবলী বুঝিয়ে দেন এবং প্রয়োজনীয় দলিল পত্র সহ নিবন্ধনের পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন। এতে তারা “মিলন” নামে সমবায় সমিতি গঠনে উদ্যেগী হয়।

ক) উৎপাদক সমবায় সমিতি কী? ১

খ) প্রশিক্ষণের মাধ্যমে সমবায় সমিতির কার্যক্রমে গতিশীলতা আসে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে “মিলন” নামে সমবায় সমিতি গঠনে অভ্যন্তরীণ পরিচালনার জন্য কোন দলিল প্রণয়ন করতে হবে -ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে “মিলন” নামে সংগঠন ভিত্তিক যে ধরনের সমবায় সমিতি গঠিত হবে, তা চাষীদের ভাগ্য উন্নয়নে কতটুকু ভূমিকা রাখবে?-মূল্যায়ন কর। ৪

### **১নং প্রঃ উঃ ক**

উৎপাদক সমবায় সমিতিঃ- ২০০১ সালের সমবায় আইন অনুযায়ী অন্তত ২০ জন উৎপাদক নিজেদের উৎপাদন ও বিক্রয় সুবিধা সহ প্রতিযোগীতায় টিকে থাকার জন্য গঠিত সমবায় সমিতিকে উৎপাদক সমবায় সমিতি বলে।

### **১নং প্রঃ উঃ খ**

সমাজের নিম্নবিত্ত সমশ্রেণিভূক্ত অন্তত ২০ জন ব্যক্তি একতা, সততা, নিয়মানুবর্তিতা ইত্যাদির ভিত্তিতে নিবন্ধনের মাধ্যমে নিজেদের অস্তিত্ব রক্ষার্থে যে সমিতি গঠন করে তাকে সমবায় সমিতি বলে।

প্রশিক্ষণের মাধ্যমে সমবায় সংশ্লিষ্ট সকল সদস্য ও পরিচালনায় জড়িত ব্যক্তিদের দক্ষ, প্রশিক্ষিত ও যোগ্য হিসেবে গড়ে তোলা যায়। এতে সমবায় সমিতির সাফল্য ও উন্নয়ন ত্বরান্বিত হয়। সমিতির সদস্যগণ ও লাভবান হয় এবং সমিতির কার্যক্রমে অধিকতর লক্ষ্য অর্জন সম্ভব হয়।

তাই বলা যায়, প্রশিক্ষণের মাধ্যমে সমবায় সমিতির কার্যক্রমের গতিশীলতা আসে।

### **১নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে সমবায় সমিতি গঠন কল্পে অভ্যন্তরীণ পরিচালনার জন্য প্রণিত দলিলটির নাম সমবায় উপবিধি। সমবায় আইনের অধিনে নিজস্ব পরিচালনায় নিয়মাবলী লিপিবদ্ধ করে থাকে, যার উপর ভিত্তি করে সমবায় সমিতি গঠিত ও পরিচালিত হয়। এ

দলিলকে সমবায় উপবিধি বলে। একে সমবায় গঠনতন্ত্রও বলা হয়। সাধারণত এতে সমবায়ের নাম,ঠিকানা, উদ্দেশ্য, সদস্য সংখ্যা, মূলধন, পরিচালনা ইত্যাদি যাবতীয় বিষয়াদি উল্লেখ থাকে।

উদ্দীপকে যেহেতু পটিয়ার ৫০ জন সবজি চাষী নিজেদের বাঁচিয়ে রাখার জন্য “মিলন” নামে সমবায় সমিতিটি করতে চায়। যেখানে এই উপবিধি বা গঠনতন্ত্র নামক দলিলটি আবশ্যক। সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা তাদের প্রতিনিধিকে সমবায় সমিতি গঠনের যাবতীয় নিয়ম কানুন বলার মাধ্যমে সমিতি গঠনের ধারণা প্রদান করেন। এলাকার সবজি চাষীগণ যদি সমবায় সমিতি গঠন করতে উদ্যেগী হয় তবে তাদেরকে উক্ত উপবিধি তথা গঠন তন্ত্র প্রণয়ন করতে হবে এবং এই উপবিধিসহ প্রয়োজনীয় দলিল সহ সমবায় সমিতি গঠনের জন্য নিবন্ধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অর্থাৎ পটিয়ার ৫০ জন সবজি চাষীদের “মিলন” নামের সমবায় সমিতি করতে হলে, সমবায় উপবিধি আবশ্যক।

## ১নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে “মিলন” নামে সমবায় সমিতিটি সংগঠন ভিত্তিক প্রাথমিক সমবায় সমিতি।

সাধারণত প্রাথমিক স্তর বা ব্যক্তি পর্যায়ে গঠিত সমবায়কে প্রাথমিক সমবায় বলে। অর্থাৎ সমাজে নিম্নবিত্ত ও সমশ্রেণিভূক্ত অন্তত ২০ জন লোক নিজেদের অস্তিত্ব রক্ষার্থে যে সমবায় গঠন করে তাকে প্রাথমিক সমবায় সমিতি বলে। সাধারণত এই রূপ সমিতি উৎপাদন,বন্টন ও সেবা পরিবেশন সংক্রান্ত উদ্দেশ্যে গঠিত হয়। যেমনঃ- রিকশাচালক সমবায় সমিতি।

উদ্দীপকে “মিলন” নামে সমবায় সমিতিটি যেহেতু ব্যক্তি পর্যায়ে পটিয়ার ৫০ জন সবজি চাষীদের নিয়ে গঠিত তাই “মিলন” একটি প্রাথমিক সমবায় সমিতি। সারাদেশে করোনা মহামারীর কারণে অর্থনৈতিক মন্দার প্রভাবে সবাই যখন দিশেহারা তখন পটিয়ার চাষীরা উৎপাদন ও বন্টন কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার জন্য “মিলন” নামে সমবায় সমিতি গঠনের প্রয়োজনীয়তা অনুভব করে। যা খুবই সময়োপযোগী ও বাস্তব সম্মত।

উদ্দীপকে চাষীদের নিয়ে গঠিত মিলন নামে সমবায় সমিতিটি তাদের অস্তিত্ব রক্ষার্থে ও টিকে থাকতে ব্যাপক ভূমিকা রাখবে বলে আমি মনে করি। কারণ “মিলন” এর মাধ্যমে তারা তাদের উৎপাদিত পণ্য সঠিক মূল্যে বিক্রয় করতে পারবে। কোন ধরনের মধ্যস্তভোগীদের দ্বারা ন্যায্যমূল্য প্রাপ্তিতে বঞ্চিত বা প্রতারিত হবে না। উপরন্তু সবাই সিম্মিলিতভাবে পণ্য বন্টনে উদযোগী হলে সুষ্ঠুভাবে পণ্য বিতরণ ও মূল্য প্রাপ্তি সহজ হবে। তাছাড়া সমিতির সদস্যদের মধ্যে আর্থিক সংকট দেখা দিলে একতার শক্তিতে সমবায় সমিতির মাধ্যমে তা নিরসন করা সহজ হবে। অর্থাৎ নিজেদের মধ্যে অসমপ্রতিযোগীতা থেকে মুক্ত হয়ে উৎপাদন থেকে শুরু করে বন্টন প্রক্রিয়াসহ মূল্যপ্রাপ্তির মাধ্যমে নিজেদেরকে জোটবদ্ধ ভাবে টিকিয়ে রাখা সম্ভব হবে।

তাই বলা যায়, “মিলন” নামে সমবায় সমিতির মাধ্যমে সবজি চাষীদের মূলধন যোগানসহ পণ্যের নায্যমূল্য
প্রাপ্তির মাধ্যমে ভাগ্য উন্নয়ন সহজতর হবে।

## মডেল প্রশ্ন-০২

চকবাজারের ১০০ জন খুচরা বিক্রেতা নিজেদের ভবিষ্যত সুরক্ষার জন্য সম্মিলিতভাবে সুষ্ঠু বিধি মালায় স্বেচ্ছাকৃত ভাবে সরকারি নিবন্ধনের মাধ্যমে সমভোটাধিকারের ভিত্তিতে একটি ব্যবসায় সংগঠন গঠন করে। উক্ত সংগঠনটিতে ১০০ টাকা করে

১০,০০০ শেয়ার আছে। প্রত্যেকে এক বা একাধিক শেয়ার ক্রয় করে। তাদের মধ্যে জনাব রহিম নামে একজন ব্যবসায়ী একা ৩০০০ হাজার শেয়ার ক্রয় করতে চাইলেও উক্ত সংগঠনের আইনের বাধ্যবাধকতায় তা সম্ভব হয়নি।

ক) বার্ড প্রতিষ্ঠা করেন কে? ১

খ) সীমাবদ্ধ দায় এর মত বৈশিষ্ট্য সংগঠন সৃষ্টিতে ভূমিকা রাখে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে চকবাজারের খুচরা বিক্রেতারা কোন ধরনের ব্যবসায় সংগঠন গঠন করেছেন-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে জনাব রহিম ব্যবসায় সংগঠনটির যে বৈশিষ্ট্যের কারণে ৩০০০ শেয়ার ক্রয় করতে পারেনি তা সবার মাঝে ঐক্য সৃষ্টিতে সহায়ক-বিশ্লেষণ কর। ৪

## ২নং প্রঃ উঃ ক

বার্ড (BARD) প্রতিষ্ঠা করেন ডঃ আক্তার হামিদ খান।

## ২নং প্রঃ উঃ খ

সীমাবদ্ধ দায় বলতে বুঝায় দায় যেখানে কম। অর্থাৎ সদস্যদের দায় তাদের ক্রয়কৃত শেয়ার দ্বারা সীমাবদ্ধ সাধারণ সদস্যদের দায় তাদের শেয়ার মূল্য পর্যন্ত সীমাবদ্ধ থাকলে মানুষ সংগঠন সৃষ্টিতে সাহস দেখাবে।

যেহেতু শেয়ার মূল্যের অতিরিক্ত দায় কোন সদস্যকে বহন করতে হবে না তখন যে কোন ব্যক্তি সংগঠন সৃষ্টিতে উৎসাহী হবে। তাই বলা যায় সীমাবদ্ধ দায় সংগঠন সৃষ্টিতে ভূমিকা রাখে।

## ২নং প্রঃ উঃ গ

উদ্দীপকে চকবাজারের খুচরা বিক্রেতারা সমবায় সমিতি গঠন করেছেন।

এই প্যারাতে সমবায় সমিতি কাকে বলে লিখবে। প্রয়োজনে উদাহরণ সহ।

এই প্যারাতে উদ্দীপকের বর্ণনাগুলোর সাথে সমবায় সমিতির মিল আছে সেটা সুন্দরভাবে বর্ণনা করবে। (অন্তত ৩ লাইন)

উপসংহারে সংগঠনটি সমবায় সমিতি হিসেবে লিখে দিবে।

## ২নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে সমবায় সমিতির শেয়ার ক্রয় সীমা বৈশিষ্ট্যটির কথা ইঙ্গিত করা হয়েছে।

এই প্যারায় শেয়ার ক্রয় সীমা কী এবং কতটুকু তা লিখবে।

এই প্যারায় উদ্দীপকে জনাব রহিমের অংশের বর্ণনাটি শেয়ার ক্রয় সীমার জন্য হয়নি তা বুঝিয়ে লিখবে।

এই প্যারায় মেয়ার ক্রয় সীমা বৈশিষ্ট্যের জন্য সমবায় সমিতির সদস্যদের মধ্যে যে সাম্য ও ঐক্যে আবহ বিরাজ করে তা বর্ণনা করবে। (অন্তত ৩ লাইন)

উপসংহারে প্রশ্নের উদৃতিটির যথার্থতা লিখবে। (১ লাইন)

# মডেল প্রশ্ন-০৩

পতেঙ্গা এলাকার ভ্যান চালকগণ সারা বছরে এলাকার উৎপাদিত শাক্ সবজি তরিতরকারী চট্টগ্রামের বিভিন্ন জায়গায় চাহিদানুযায়ী পৌঁছে দিয়ে থাকে। তারা মিলে সমান মর্যাদার অধিকারীকে প্রাধান্য দিয়ে “ পতেঙ্গা ভ্যান চালক সমবায় সমিতি”

গঠন করে। যেখানে প্রত্যেক ভ্যান চালক প্রতিদিন ১০ টাকা করে সমিতিতে জমা রাখে। ফলশ্রুতিতে "পতেঙ্গা ভ্যান চালক সমবায় সমিতি" বর্তমানে আর্থিকভাবে সয়ংসম্পূর্ণ একটি সংগঠনে পরিণত হয়েছে।

ক) সম-ভোটাধিকার কী? ১

খ) সমবায়ীরা আত্মনির্ভরশীলতা শিক্ষায় উজ্জিবিত-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে পতেঙ্গা এলাকার ভ্যান চালকগণ কোন মৌলিক নীতিকে প্রাধান্য দিয়ে "পতেঙ্গা ভ্যান চালক সমবায় সমিতি" গঠন করেন-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে মূলত যে উদ্দেশ্যটি " পতেঙ্গা ভ্যান চালক সমবায় সমিতি" কে আর্থিকভাবে সয়ংসম্পূর্ণ করেছে তা অনুকরণীয়-বিশ্লেষণ কর। ৪

## ৩নং প্রঃ উঃ ক

সম-ভোটাধিকার সদস্যদের শেয়ারের পরিমাণ যা-ই হোক না কেন প্রত্যেক সদস্যের ভোটাধিকার সমানই সম-ভোটাধিকার।

## ৩নং প্রঃ উঃ খ

নিজেই নিজের উপর নির্ভরশীল হওয়াই আত্মনির্ভরশীলতা।

আত্মনির্ভরশীলতা সমবায় সমিতির একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য। সমবায়ের সদস্যদের পারস্পরিক আর্থিক ও সামাজিক সহযোগিতা দানের মাধ্যমে আত্মনির্ভরশীলতার পথ সুগম হয় এবং নিজের কর্মসংস্থান সৃষ্টিকরে অর্থাৎ সমবায়ীরা আত্মনির্ভরশীলতার শিক্ষায় উজ্জীবিত।

## ৩নং প্রঃ উঃ গ

উদ্দীপকে পতেঙ্গা এলাকার ভ্যান চালকগণ সমবায়ের সাম্য মৌলিক নীতিকে প্রাধান্য দিবে।

এই প্যারায় সাম্য কাকে বলে লিখবে এবং আরো ১ বা ২ লাইন সাম্য সম্পর্কে লিখবে।

এই প্যারায় উদ্দীপকে যে এই মৌলিক নীতে প্রাধান্য দিয়েছে তা বিশদ ভাবে বর্ণনা দিবে। (৩ বা ৪ লাইন)

## ৩নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে সঞ্চয় সৃষ্টি উদ্দেশ্যটি মূলত "পতেঙ্গা ভ্যান চালক সমবায় সমিতিকে আর্থিক ভাবে সয়ংসম্পূর্ণ করেছে।

এই প্যারায় সঞ্চয় সৃষ্টি কী বুঝিয়ে লিখবে।

এই প্যারায় উদ্দীপকের বিবৃতিগুলো যে সঞ্চয় সৃষ্টি উদ্দেশ্যকে কেন্দ্র করে তার বিবরণ দাও।

এই প্যারায় সঞ্চয় সৃষ্টির ফলশ্রুতিতে আর্থিক সয়ংসম্পূর্ণতা সম্পর্কে বিশ্লেষণধর্মী বিবরণ দাও। (অনুকরনীয় হিসেবে)

এই প্যারায় উপসংহার লিখবে।

# মডেল প্রশ্ন-০৪

সদরঘাটের ৩০ জন ব্যক্তি মিলে "অবলম্বন" নামে একটি সমবায় সমিতি গঠন করেন। উৎপাদন, ক্রয়, বিক্রয়, ঋণদান ইত্যাদি বিভিন্নমুখী উদ্দেশ্য অর্জনে "অবলম্বন" এর কার্যক্রম বিস্তৃত। সদরঘাট এলাকায় এই রকম আরো ১৬টি সমবায় সমিতি রয়েছে। তাদের কার্যক্রমে অসম প্রতিযোগীতা নিরসনের জন্য সব সমবায়গুলো মিলে একটি নুতন সমবায় সমিতি গঠন করেন। ফলশ্রুতিতে সকল সমবায় সমিতির মধ্যে সৌহাদ্যপূর্ণ আন্তঃসম্পর্ক সৃষ্টি হয়।

ক) ভোক্তা সমবায় সমিতি কী? ১

খ) বিশেষায়িত কাজের ক্ষেত্রে মিশ্র সমবায় সমিতি অধিক কার্যকরি-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে "অবলম্বন" উদ্দেশ্য ভিত্তিক কোন ধরনের সমবায় সমিতি-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে সংগঠন ভিত্তিক নুতন সমবায় সমিতি সবার মধ্যে সৌহার্দ্যপূর্ণ আন্তঃসম্পর্ক সৃষ্টিতে ভূমিকা রাখে-বিশ্লেষণ কর। ৪

## ৪নং প্রঃ উঃ ক

ভোক্তা সমবায় সমিতিঃ- ন্যায্যমূল্যে মানসম্মত পণ্য ক্রয় ও সদস্যদের চাহিদা অনুযায়ী সরবরাহ করার উদ্দেশ্য নিয়ে যে সমবায় গঠিত হয় তাকে ভোক্তা সমবায় সমিতি বলে।

## ৪নং প্রঃ উঃ খ

যে সমবায় সমিতি ব্যক্তি সদস্য এবং প্রাথমিক সমবায় সমিতি একত্রিত হয়ে গঠন করে তাকে মিশ্র সমবায় সমিতি বলে। সাধারণত বিশেষায়িত দক্ষতাসম্পন্ন ব্যক্তি দক্ষতা ও যোগ্যতাকে ব্যবহার করে প্রাথমিক সমবায় সমিতি লাভবান হওয়ার লক্ষ্যে মিশ্র সমবায় সমিতি গঠিত হয়। ফলশ্রুতিতে ব্যক্তি ও সমবায় সমিতি উভয়ে লাভবান হয়।

তাই বিশেষায়িত কাজের জন্য মিশ্র সমবায় সমিতি কার্যকরি।

## ৪নং প্রঃ উঃ গ

উদ্দীপকে "অবলম্বন" উদ্দেশ্যভিত্তিক বহুমুখী সমবায় সমিতি।

এই প্যারায় বহুমুখী সমবায় সমিতির সংজ্ঞা লিখবে এবং এর সম্পর্কিত বিষয় লিখবে।

এই প্যারায় উদ্দীপকের বর্ণনায় বহুমূখী সমবায়ের বিষয়ের আলোচনাগুলো লিখবে।

এই প্যারায় "অবলম্বন" যে বহুমুখী সমবায় তার উপসংহার হিসেবে লিখবে।

## ৪নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে সংগঠনভিত্তিক নুতন গঠিত সমবায় সমিতিটি কেন্দ্রীয় সমবায় সমিতি।

এই প্যারায় কেন্দ্রীয় সমবায়ের সংজ্ঞা লিখবে এবং আনুষাঙ্গিক কথা লিখবে।

এই প্যারায় উদ্দীপকের আলোচনায় কেন্দ্রীয় সমবায়ের কথা বলা হয়েছে তা বর্ণনা দিবে।

এই প্যারায় সৌহার্দ্যপূর্ণ আন্তঃসম্পর্ক সৃষ্টির বিশদ বিশ্লেষণ লিখবে যেখানে নুতন কেন্দ্রীয় সমবায়ের ভূমিকা প্রধান।

এই প্যারায় উপসংহার লিখবে।

# মডেল প্রশ্ন-০৫

কাটগড়ের ৫০ জন চাষীরা সবাই মিলে একতা, সততা, নিয়মানুবর্তিতা ইত্যাদি সামনে রেখে একটি সমবায় সমিতি গঠন করতে চায়। কিন্তু চাষীরা আইন, অধ্যাদেশ, ধারা ইত্যাদি বিষয়াদি নিয়ে সব সময় জটিলতায় পড়ার ভয়ে সমবায় সমিতি করতে চায় না। অন্যদিকে কাঠগড়ের ৩০ জন ব্যবসায়ী খুব সুন্দরভাবে "সম্মিলন" নামে একটি সমবায় সমিতি পরিচালনা করে। তবে ২০১৯ সালের "সম্মিলন" এর অর্জিত মুনাফা সদস্যদের মধ্যে ভাগ করে দিতে চাইলেও আইনগত কারণে পারে নি।

ক) ২০০১ সালের সমবায় আইনে সর্বনিম্ন শেয়ার মূল্য কত? ১

খ) শিক্ষার অভাব বাংলাদেশে সমবায় বিকাশে অন্যতম সমস্যা-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে কাটগড়ের চাষীরা কোন প্রধান সমস্যার জন্য সমবায় সমিতি করতে ভয়পায়-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে যে বৈশিষ্ট্যের কারণে "সম্মিলন" অর্জিত মুনাফা ভাগ করতে পারেনি তার কারণে সমবায় সমিতি দীর্ঘমেয়াদীহয়-বিশ্লেষণ কর। ৪

## ৫নং প্রঃ উঃ ক

২০০১ সালের সমবায় আইনে সর্বনিম্ন শেয়ার মূল্য ১০ টাকা নির্ধারণ করা হয়েছে।

## ৫নং প্রঃ উঃ খ

বাংলাদেশের অধিকাংশ সমবায় সদস্য অশিক্ষিত ও নিরক্ষর যা শিক্ষার অভাব হিসেবে বিবেচিত।

সমবায়ের অধিকাংশ সদস্য সমবায়ের পদ্ধতি এবং উদ্দেশ্য আদর্শ ভালোভাবে উপলব্ধি করতে পারে না। এতে তারা পরিচালকদের দ্বারা প্রতারিত হয়। এই ভয়ে অনেকে সমবায়ের সাথে জড়িত হতে চায় না।

অর্থাৎ শিক্ষার অভাব বাংলাদেশে সমবায় বিকাশের অন্তরায়।

## ৫নং প্রঃ উঃ গ

উদ্দীপকে কাটগড়ে চাষীরা প্রধানত আইনগত জটিলতা বিবেচনায় সমবায় সমিতি করতে ভয় পায়।

এই প্যারায় আইনগত জটিলতা কী লিখবে এবং সম্পূরক আলোচনা করবে।

এই প্যারায় উদ্দীপকের বর্ণনায় আইনগত জটিলতার সমস্যাটি ফুটিয়ে উঠার আলোচনা দিবে।

এই প্যারায় উপসংহার দিবে।

## ৫নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে "সম্মিলন" মুনাফা বন্টন বৈশিষ্ট্যের জন্য অর্জিত মুনাফা ভাগ করতে পারেনি।

এই প্যারায় মুনাফা বন্টনের ধারাটি লিখবে।

এই প্যারায় উদ্দীপকের সাথে মিল রেখে মুনাফা বন্টন বিষয়টি আলোচনা করবে।

এই প্যারায় সংরক্ষিত ও উন্নয়ন তহবিলের কারণে সমিতি ফান্ড সমৃদ্ধি থাকে বলে সহ আরো বিশদ আলোচনা করবে।

এই প্যারায় উপসংহার লিখবে। (১ লাইন)